

## কর্মশালার থেকে ভিডিও বেশি ফলপ্রসূ

ইমপ্যাক্ট  
স্টাডি  
৫

### ধান সিদ্ধ করার ভিডিও

বেনিনের এনজিওগুলো ‘কৃষক থেকে কৃষক’ পদ্ধতিতে ধান সিদ্ধ করার ভিডিও দেখানোর ৮০টি প্রদর্শনীর আয়োজন করে। মোট ৮,৭০০ জন ভিডিওগুলো দেখে; তাদের মধ্যে ৫৮% নারী।

প্রচলিত নিয়মে একটি বড়ো অ্যালুমিনিয়ামের পাত্রে পানি দিয়ে ধান সিদ্ধ করা হয় এবং সেই ধান মাটিতে ছড়িয়ে দিয়ে তিনদিন সূর্যের আলোতে শুকানো হয়। এতে প্রায়শই ধানের সাথে বালি ও পাথর মিশে যায়। কিন্তু ধান সিদ্ধ করার উন্নত পদ্ধতিতে দুইটি পাত্র ব্যবহার করা হয় এবং সেখানে একটি পাত্র আরেকটির উপর রাখা হয়। উপরের পাত্রে শুকনা ধান রাখা হয় এবং নিচের পাত্রে পানি দিয়ে তা চুলায় ফোটাতে হয়। উপরের পাত্রটির নিচের দিকে ছিদ্র থাকে এবং তা নিচের পাত্রের উপর এমন ভাবে রাখা হয়, যেন উপরের পত্রে রাখা ধানে নিচের পাত্রের ফুটন্ত পানির ছোঁয়া না লাগে। এই পদ্ধতিতে সিদ্ধ করা ধান মাটির উপর না শুকিয়ে তেরপালের উপর শুকানো হয়।

একটি ভিডিও প্রদর্শনী বেশি জাগরণীমূলক পরিবর্তন আনতে পারে নাকি সরাসরি কর্মশালায় অংশগ্রহণ, তা বের করার জন্য গবেষকেরা ১৬০ জন নারীর ওপর জরিপ চালায়, যারা কর্মশালায় অংশগ্রহণ করেছে অথবা ভিডিও দেখেছে কিংবা দুটোই করেছে।

### ভিডিও বনাম সরাসরি কর্মশালা

গ্রামবাসীরা ভিডিও থেকে ধারণা শেয়ার করতে উৎসাহী ছিল। অন্যদিকে কর্মশালায় অংশগ্রহণকারীদের ৭০% প্রতিবেশীদের সাথে তথ্য শেয়ার করেনি। যেসব গ্রামীণ নারী ভিডিও দেখেছে, তারা একে অন্যের সাথে তথ্য শেয়ার করেছে। এনজিও কর্মী এবং গ্রামীণ নারী উভয়ই ‘কৃষক থেকে কৃষক’ ভিডিওকে ‘জন প্রশিক্ষণ টুলস’ হিসেবে প্রশংসা করেছে, যা তাদের নিজেদের শিখতে এবং অন্যের সাথে সক্রিয় যোগাযোগ রাখতে সহায়তা করে।

যারা ভিডিও দেখেছে তাদের মধ্যে ৯৫% নারী সিদ্ধ ধান মাটিতে না শুকিয়ে তেরপলে শুকাতে শুরু করে এবং ধান মাড়ানোর আগে তারা তাদের পায়ের জুতা খুলে রাখে। যারা ভিডিও দেখেনি কিন্তু কর্মশালায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে এই পদ্ধতি অনুসরণকারীর সংখ্যা মাত্র অর্ধেক।

### উপসংহার

প্রচলিত কর্মশালায় অংশগ্রহণকারীরা সাধারণত গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের পরিচিত কেউ হয়, যারা প্রশিক্ষণের জন্য নির্বাচিত হয় এবং সেজন্য তারা ধান সিদ্ধ করার পদ্ধতি শিখতে আগ্রহী না হলেও, কর্মশালায় অংশগ্রহণের জন্য দিনপ্রতি ভাতা পাওয়ার লোভে এইসব কর্মশালায় অংশগ্রহণ করে। অন্যদিকে উন্মুক্ত স্থানে ভিডিও প্রদর্শনী হলে গ্রামের সব স্তরের মানুষ দেখতে পারে এমনকি গ্রামের সবচেয়ে গরীব লোকেরাও অর্থ উপার্জনের নতুন উপায় খুঁজে বের করতে আগ্রহী হয়। ভিডিওতে দেখানো ছবি বছর শেষেও নারীদের মনে সতেজ থাকে।



ধান সিদ্ধ করার আগে তা ধুয়ে নেওয়া হচ্ছে। যে-নারীরা প্রশিক্ষণ ভিডিও দেখেছে, তারা অন্যদের তুলনায় বিভিন্ন সরঞ্জাম শেয়ার করতে বেশি উৎসাহী

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Zossou, Espérance, Van Mele, Paul, Vodouhe, Simplice D. & Wanvoeke, Jonas 2009 Comparing farmer-to-farmer video with workshops to train rural women in improved rice parboiling in central Benin. The Journal of Agricultural Education and Extension 15(4): 329-339.



**AGRO**  
insight  
communicating agriculture

সারসংক্ষেপ ও ছবি:  
জেফ বেন্টলে